

করোনা প্রতিরোধে উদ্যমী তারুণ্য

"সবাই মিলে শপথ করি, করোনাভাইরাসমুক্ত গ্রাম গড়ি"-এই শ্লোগান নিয়ে গতকাল ৫ এপ্রিল ২০২০ তারিখে নেত্রকোণার সদর উপজেলার সিংহের বাংলা ইউনিয়নের ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর নেতা প্রণয় দেবনাথ বাপ্পী'র নেতৃত্বে ১৪ জন স্বেচ্ছাশ্রমী ইয়ুথ লিডার তাদের নিজস্ব উদ্যোগে রায়দুম রুহি গ্রামে জীবাণুনাশক প্রয়োগ করেন। এসময় তারা এলাকার মানুষকে করোনাভাইরাস থেকে নিজেদের সুরক্ষিত রাখার জন্য বিভিন্ন পরামর্শ দেন। এই উদ্যমী তরুণ নেতাদের মধ্যে ছিলেন বৃষ্টি দেবনাথ, স্বাস্থ্য মিয়া, নাজিম উদ্দীন, নূর মোহাম্মদ, একা দেবনাথ, কমা দেবনাথ, সজিব দেবনাথ প্রমুখ।




মানব কল্যাণে সিলেটের মহসিন

ইয়ুথ এন্ডিং হাঙ্গার সিলেট অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ও জাতীয় ফোরাম সদস্য মহসিন মিয়া দাঁড়িয়েছেন নিজ এলাকার অতিদরিদ্র মানুষদের পাশে। মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার আশীদ্রোন গ্রাম ও তার পার্শ্ববর্তী ৩টি গ্রামের ৮২টি পরিবারের মধ্যে গত সপ্তাহে তিনি খাদ্য-সামগ্রী পৌঁছে দেন। বন্ধু, প্রতিবেশী ও এলাকাবাসীর কাছ থেকে আর্থিক সহযোগিতা নিয়ে তিনি এই উদ্যোগ বাস্তবায়ন করেন। খাদ্য সহায়তার পাশাপাশি তিনি করোনাভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি সম্পর্কে এলাকাবাসীকে সচেতন করেন।

করোনা মোকাবেলায় সাতক্ষীরার তরুণ নেতৃত্ব

ইয়ুথ এন্ডিং হাঙ্গার সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলা ইউনিট এর উদ্যোগে গত কয়েকদিনে ২৫০ জন মানুষের মাঝে তিন স্তরের কাপড়ের মাস্ক বিতরণ করা হয়। এছাড়াও নিজেদের সঞ্চিত অর্থ দিয়ে তারা এলাকার অতিদরিদ্র মানুষদের সহায়তা করার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন। কালিগঞ্জের প্রশিক্ষণপ্রাপ্ত ইয়ুথ লিডারদের আরও চারটি ব্যাচ ইউএনও ও উপজেলা চেয়ারম্যানের সাথে উপজেলার বিভিন্ন স্থানে ত্রাণ বিতরণ ও জনসচেতনতা তৈরিতে কাজ করছে।

অন্যদিকে বাগেরহাট জেলার ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সদস্যরা জেলার বিভিন্ন স্থানে প্রায় একহাজার মানুষের মাঝে সচেতনতামূলক বার্তা পৌঁছানোর জন্য লিফলেট বিতরণ করেছেন। তারা দুইশ সাবান ও একশ মাস্ক বিতরণ, সচেতনতামূলক মাইকিং ও দরিত্রে পরিবারের মাঝে খাবার বিতরণ করেছেন। ইয়ুথ লিডাররা স্থানীয় সরকারকে করোনা প্রতিরোধসংশ্লিষ্ট বিভিন্ন কাজে সহযোগিতা করছেন।



দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের অনুপ্রেরণায় ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সদস্যরা সারা দেশে করোনাভাইরাস প্রতিরোধ এবং সংকটগ্রস্ত মানুষের পাশে থেকে নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। তারই কিছু সংবাদ নিয়ে প্রকাশিত হচ্ছে 'তারুণ্য বার্তা'।